

১৩৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ০৭ DEC 1997 ...
পৃষ্ঠা ১২ কলাম ৩

আইডিয়াল স্কুল

অধ্যক্ষের চাকুরীর মেয়াদ
বৃদ্ধির আদেশ বাতিলের
কার্যকারিতা
স্থগিত রাখার নির্দেশ

সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥
গতকাল (বুধবার) সুপ্রীম কোর্টের
হাইকোর্ট বিভাগ আগামী চার
সপ্তাহের জন্য ঢাকার আইডিয়াল
স্কুল এণ্ড কলেজের অধ্যক্ষ ফয়জুর
রহমানের চাকুরীর মেয়াদ বৃদ্ধির
আদেশ বাতিল আদেশের কার্য-
কারিতা স্থগিত ঘোষণা করিয়াছেন।

গত ৩০শে নভেম্বর শিক্ষা মন্ত্র-
ণালয় ফয়জুর রহমানের চাকুরীর
মেয়াদ বৃদ্ধির আদেশ বাতিল করিয়া
এক আদেশ দান করেন। উক্ত
আদেশে তাহাকে উক্ত প্রতিষ্ঠানের
প্রভাষিকা রওনক জাহানের নিকট
দায়িত্ব হস্তান্তরের নির্দেশ দেওয়া
হয়। ফয়জুর রহমান উক্ত আদেশের
বৈধতা চ্যালেঞ্জ করিয়া একটি রীট
পিটিশন পেশ করেন।

বিচারপতি কাজী শফিউদ্দিন
ও বিচারপতি সৈয়দ জে, আর,
নোদাচ্ছির হোসেন সমন্বয়ে গঠিত
ডিভিশন বেঞ্চ আবেদনকারীর পক্ষে
প্রাথমিক শুনানি শেষে উক্ত আদেশ
দান করেন। সেইসঙ্গে আদালত
চার সপ্তাহের জন্য ফয়জুর রহমানের
অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালনে হস্ত-
ক্ষেপ না করিবার জন্য রওনক
জাহানের প্রতি নিষেধাজ্ঞার আকারে
এক আদেশ প্রদান করিয়াছেন।
ইহাছাড়া, আদালত ৩০শে নভে-
ম্বর প্রদত্ত আদেশ কেমন অবৈধ ও
আইনগত ক্ষমতা বহির্ভূত বলিয়া
ঘোষণা করা হইবে না উহার কারণ
দর্শাইবার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের
সচিবসহ চারজনের প্রতি রুলজারি
করিয়াছেন।

আবেদনকারীর পক্ষে ছিলেন
এ,এফ হাসান আরিফ, জে,বি,এম
হাসান ও জিয়াউদ্দিন মামুন।